



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/29/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**গভর্নর কুওমো স্টেট পুলিশের হেট ক্রাইম টাস্ক ফোর্সকে রকল্যান্ড কাউন্টির সিনেগে  
ছুরিকাঘাতের ঘটনার তদন্ত করার নির্দেশনা দিলেন**

"আমি আজ রাতে রকল্যান্ড কাউন্টির একটি সিনেগে একাধিক লোককে ছুরিকাঘাত করার ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছি — যেটি এই সপ্তাহে নিউ ইয়র্কের ইহুদি সম্প্রদায়ের সদস্যদের বিরুদ্ধে একের পর এক ঘটে যাওয়া হামলার সর্বশেষ ঘটনা। নিউ ইয়র্ক পরিবারের পক্ষ থেকে, ক্ষতিগ্রস্তদের প্রতি আমার সহানুভূতি রইলো এবং আমি তাদের সম্পূর্ণ সুস্থতার জন্য প্রার্থনা করছি।

এটি ছিল একটি ঘৃণ্য ও কাপুরুষোচিত কাজ এবং আমি স্টেট পুলিশের হেট ক্রাইম টাস্ক ফোর্সকে তাৎক্ষণিকভাবে তদন্ত করতে এবং আক্রমণকারীকে আইনের সর্বোচ্চ মাত্রায় পূর্ণভাবে জবাবদিহি করার উদ্দেশ্যে উপলব্ধ প্রতিটি হাতিয়ার ব্যবহার করার নির্দেশনা দিচ্ছি। স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে স্টেট পুলিশ বর্তমানে ঘটনাস্থলে সহায়তা করছে।

আমি পরিষ্কার করে বলতে চাই: ইহুদিবিরোধ এবং যে কোন ধরনের গোঁড়ামি আমাদের অন্তর্ভুক্তিমূলক এবং বৈচিত্র্যের মূল্যবোধের সাথে সাংঘর্ষিক এবং এই ধরনের ঘৃণ্য কাজের প্রতি আমরা শূন্য সহনশীলতা রয়েছে। নিউ ইয়র্কে আমরা সর্বদা প্রতিবাদ করবো এবং বিভক্তি এবং আতঙ্ক সৃষ্টিকারী যে কাউকে সমবেত কণ্ঠে বলব: আপনি নিউ ইয়র্কের প্রতিনিধিত্বকারী নন এবং আপনার অপকর্মগুলোকে ক্ষমা করে হবে না।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবরুকাইব করুন](#)